

আরবি ভাষা এবং ইসলামি জ্ঞান বিষয়ে জাতীয় প্রতিযোগিতার উদ্বোধন

ঢাকা, ১২ জুলাই

মাদরাসা শিক্ষার্থীদের জ্ঞানচর্চা বৃদ্ধির লক্ষ্যে “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় জাতীয় প্রতিযোগিতা ২০১৭” শিরোনামে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে সারা দেশে আন্তঃমাদরাসা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

আজ ঢাকায় ফার্মগেটে কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ মিলনায়তনে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ প্রধান অতিথি হিসেবে এ প্রতিযোগিতার উদ্বোধন করেন। ঢাকাসহ মুন্সিগঞ্জ ও মানিকগঞ্জ জেলার ফাজিল, ফাজিল (অনার্স) ও কামিল মাদরাসার শিক্ষার্থীরা এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করছে। প্রতিযোগিতার বিষয় আরবি ভাষা ও ইসলামি জ্ঞান। সারাদেশে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

উদ্বোধন অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী বলেন, ইসলামি ও মাদরাসা শিক্ষার উন্নয়নে সরকার ব্যাপক পদক্ষেপ গ্রহণ করেছে। আলেমদের শত বছরের দাবি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়েছে। এ বিশ্ববিদ্যালয়ের অধীনে আরো ভাল আলেম তৈরি করতে হবে। জঞ্জিবাদের ব্যাপারে সবাইকে সতর্ক করে দিয়ে শিক্ষামন্ত্রী বলেন, ইসলামের নামে যারা ছাত্র-শিক্ষকদের বিপথগামী করছে, তারা দেশের উন্নয়নকে থামিয়ে দিতে চায়, দেশকে এবং ইসলামকে হেয় প্রতিপন্ন করতে চায়।

শিক্ষামন্ত্রী বলেন, ৫১টি মাদরাসায় অনার্স কোর্স চালু করা হয়েছে। ৩৫টি মাদরাসাকে মডেল মাদরাসা হিসেবে গড়ে তোলা হয়েছে। এসব মাদরাসায় কম্পিউটার ল্যাবসহ আধুনিক সুযোগ-সুবিধা প্রদান করা হয়েছে। ১ হাজার ৩শ ৩২টি মাদরাসায় নতুন ভবন নির্মাণ করা হয়েছে। আরো ১ হাজার ৮০০ মাদরাসায় ভবন নির্মাণের জন্য প্রকল্প তৈরি করা হয়েছে। মাদরাসা শিক্ষকদের প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপন করা হয়েছে। তিনি আরো বলেন, মাদরাসা শিক্ষার সাথে আধুনিক জ্ঞান-বিজ্ঞানের সমন্বয় ঘটাতে ৩ হাজার ১২১টি মাদরাসায় কম্পিউটার কোর্স চালু করা হয়েছে। ২৮১টি মাদরাসায় কারিগরি শিক্ষা কোর্স চালু করা হয়েছে।

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহ-র সভাপতিত্বে অনুষ্ঠানে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের সচিব মো. আলমগীর, জমিয়াতুল মোদারেরেছিন বাংলাদেশের মহাসচিব শাব্বির আহমদ মোমতাজী এবং প্রতিযোগিতা পরিচালনা কমিটির প্রধান মাওলানা আবু বকর বজ্জুতা করেন। ।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯